



বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/মুখপত্র (৩য় খন্ড)/২০১১/২১

তারিখঃ ২০ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
০৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৫৬ তম কমিশন সভা অদ্য ০৪/০৯/২০১৮ তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছে :

জেনেক্স ইনফোসিস লিঃ এর প্রতিটি ১০ টাকা ইস্যু মূল্যের ২ কোটি সাধারণ শেয়ার প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে ইস্যু করার প্রস্তাবে কমিশন অনুমোদন দিয়েছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ২০.০০ (বিশ) কোটি টাকা পুঁজি উত্তোলন করে কল সেন্টার এর ব্যবসা সম্প্রসারণ, আংশিক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যবহার করবে। কোম্পানীটির ৩০ জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) ১.৮৯ টাকা এবং পুনঃমূল্যায়ন ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation) ১৩.৯৬ টাকা। উল্লেখ্য, জেনেক্স ইনফোসিস লিঃ এর একটি সাবসিডিয়ারী কোম্পানী আছে এবং উক্ত কোম্পানীতে জেনেক্স ইনফোসিস লিঃ এর ৯৯.৯৯ শতাংশ শেয়ারহোল্ডিং রয়েছে। উক্ত সাবসিডিয়ারী কোম্পানীর আর্থিক বিবরণীসহ (৩১শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের) একত্রিকৃত (Consolidated) আর্থিক বিবরণী অনুযায়ী পুনঃমূল্যায়ন ছাড়া নীট সম্পদ মূল্য (NAV without revaluation) টাকা ১৩.৯৭ (Consolidated) এবং ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ২.০২ (Consolidated)। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে ইম্পেরিয়াল ক্যাপিটাল লিঃ।


মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।